দৈনিক বাংলা

তারিখ 28 NOV 1991
পৃষ্ঠা 6 কলাম ৩

৬৩

## ক্লাস বর্জন সিদ্ধান্ত পুনর্বিবেচনা করুন : ২৫ জন ভার্সিটি শিক্ষক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৫ জন শিক্ষক এক যুক্ত বিবৃতিতে ক্লাস বর্জনের সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য শিক্ষক সমিতির প্রতি আহ্বান জানিয়েছেন।

তাঁরা বলেন, উপর্যুপরি সন্ত্রাস ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবনকে চরম অনিশ্চয়তার দিকে ঠেলে দিয়েছে। ছাত্র-শিক্ষক-অভিভাবকদের মিলিত প্রচেষ্টায় সন্ত্রাস মোকাবিলা করা প্রয়োজন। তাই ক্লাস বর্জন করে নয়, ক্লাস খোলা রেখেই সন্ত্রাস নির্মূল করার উপায় খুঁজতে হবে।

বিবৃতিতে স্বাক্ষর করেন প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী, ডঃ মোঃ তৌহিদুল আনোয়ার, প্রফেসর কে. এম মোহসীন, কাইয়ুম চৌধুরী, নুরুল আমীন ব্যাপারী, ডঃ সৈয়দ মঞ্জুরুল ইসলাম, সৈয়দ রাশিদুল হাসান, বেলায়েত হোসেন, শামীম সিকদার প্রমুখ।

---

...১১ দফা দাবী পর্যায়ক্রমে ...দের আশ্বাস দেওয়ার প্রেক্ষিতে ...মিতির নেতৃবৃন্দ তাহাদের কর্মবিরতি স্থগিত ঘোষণা করিয়াছেন। গতকাল (শনিবার) সমিতির নেতৃবৃন্দ শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার ও শিক্ষা সচিব মীর মুশফিকুর রহমানের সহিত সাক্ষাৎ করিলে তাহাদের উক্ত আশ্বাস দেওয়া হয়। সমিতির সভাপতি কামাল আতাউর রহমান ও সিনিয়র সহ-সভাপতি আ, ক, মহম্মদ সানাউল্লাহ'র নেতৃত্বে সমিতির একটি প্রতিনিধিদল শিক্ষামন্ত্রী ও সচিবের সহিত ১১ দফা দাবী নিয়া আলোচনায় মিলিত হন। —বিজ্ঞপ্তি